



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 1/31/2022

গভর্নর ক্যাথি হোকল

নতুন চন্দ্রবর্ষে গভর্নর ক্যাথি হোকলের বিবৃতি

"আমি নিউ ইয়র্কের এশিয়ান ঐতিহ্যের সম্প্রদায়সমূহের সাথে নতুন চন্দ্রবর্ষ (Lunar New Year) উদযাপনের সুপ্রাচীন ঐতিহ্যে যোগ দিতে পেরে গর্বিত। পহেলা ফেব্রুয়ারি হলো নতুন চন্দ্রবর্ষ, এবং এটি 2022কে বাঘের বছর (Year of the Tiger) হিসেবে স্বাগত জানায়, এটি গত বছরে আমরা যা যা সহ্য করেছি তার পরিপ্রেক্ষিতে নিউ ইয়র্কবাসীর শক্তি ও স্থিতিশীলতার যথাযথ প্রতীক।"

"নিউ ইয়র্কের এশিয়ান সম্প্রদায়গুলি অনেক দিন ধরে আমাদের স্টেটের সফলতার অবিচ্ছেদ্য একটি অংশ এবং নিউ ইয়র্কবাসীর পরিচয়ে একটি সংজ্ঞায়িত ভূমিকা রাখে। আমরা যেহেতু একত্রে গত বছরের ব্যাপারে ভাবছি, তাই চলুন আগামী বছরকে প্রত্যাশা ও আশাবাদ নিয়ে বরণ করি। চন্দ্র নববর্ষের আগের রাত এবং নববর্ষের দিন হলো পরিবার, পুনর্মিলনী, এবং ধন্যবাদ জানানোর সময়, এবং আমি সকল নিউ ইয়র্কবাসীকে উৎসাহিত করছি যে এই আনন্দঘন উপলক্ষে আমাদের এশিয়ান-আমেরিকান বন্ধু, প্রতিবেশী, এবং প্রিয়জনদের সাথে যোগ দিন।"

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov-এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418